

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

আইন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ/১১ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৬৫-আইন/২০২৩।—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (Ordinance No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ৩০ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ১৪ মার্চ, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং-৫৭-আইন/২০১৭ দ্বারা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ঘোষণা করিয়াছিল এবং সর্বশেষ ৫ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ মোতাবেক ১৯ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৭৫-আইন/২০২৩ দ্বারা উক্ত প্রযোজ্যতা ৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করিয়াছিল, যাহার মেয়াদ ১৩ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে উত্তীর্ণ হইবে; এবং

যেহেতু বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার আবশ্যিকতা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, একত্বারা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার মেয়াদ আরও ৬(ছয়) মাস বর্ধিত করিল।

২। এই প্রজ্ঞাপন ১৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রাজা মিয়া

উপসচিব (আইন)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৩৫৪৭)

মূল্য : টাকা ৮.০০